

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী :

স্থান : উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, আশাশুনি, সাতক্ষীরা।
তারিখ : ০৯/১১/২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভাপতি : জনাব মোসাঃ মোসলেমা খাতুন মিলি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।

উপস্থিত অনুপস্থিত পৃথক রেজিস্টারে সংরক্ষিত।

আলোচ্য সূচী :

- ১। খরিপ-২/২০২১-২২ মৌসুমের কার্যক্রম।
- ২। রাজস্ব খাতের আওতায় প্রদর্শনীর বর্তমান অবস্থা।
- ৩। জিকেবিএসপি প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৪। অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির অগ্নিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৫। আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৬। কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের বর্তমান অবস্থা।

অদ্যকার সভার সভাপতি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা কৃষি ও সেচ কমিটির সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্য শেষে তিনি সভা পরিচালনার জন্য উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার আশাশুনি সাতক্ষীরাকে আহ্বান জানান।

অতঃপর উপজেলা কৃষি অফিসার ও উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব মহোদয় বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী ছাড়াই তা দৃষ্টিকরণ করা হয়। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, খরিপ-২/২০২১-২২ মৌসুমে বিভিন্ন প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনীর বর্তমান অবস্থা ভাল।

রাজস্ব খাতের অর্ধাংশে রবি/২০২১-২২ মৌসুমে বোরো ২০টি, গম ১০টি, ছুট্টা ২০টি, সরিষা ৩০ টি সর্বমোট = ৮০ টি প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রদর্শনী বাস্তবায়নের কাজ চলিতেছে।। গ্রহণ করন/কলোআপ কৃষকের সংখ্যা সরিষা ৯০জন। প্রত্যেকে ১.৫ কেজি, গম ৩০ জন প্রত্যেকে ১৫ কেজি ও বোরো ৬০জন প্রত্যেকে ০৫ কেজি হারে বীজ প্রদান করা হয়েছে।

জিকেবিএসপি প্রকল্পের আওতায় প্রদর্শনী ৬০ টি ও ব্লক প্রদর্শনী ০১ টি। যার মধ্যে বোরো জাত প্রদর্শনী ০৮টি, ব্লক প্রদর্শনী ০১ টি, সরিষা ০৪ টি, ছুট্টা ০৪ টি, গম ০৫ টি, চিনাবাদাম ০২ টি, সূর্যমুখী ০১ টি, তিল ০৪ টি, মুগ ০৪ টি, সবজি ০২ টি, ঘেহে আইলে সবজি ০২ টি, জৈব কৃষি ও জৈবিক বালাই ব্যবস্থাপনা ০৩ টি, মরিচ ০২ টি, পেঁয়াজ ০৪ টি, রসুন ০২ টি, হলুদ ০১ টি, কম্পোস্ট ০২ টি, খামারজাত সার ০২ টি, ভার্মি কম্পোস্ট ০২ টি, মুসুর ০৫ টি প্রদর্শনীর বাস্তবায়নের কাজ চলোমান।

আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় রবি/২০২১-২২ মৌসুমে বোরো বীজ উৎপাদনের ০৫ টি ব্লক প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গিয়াছে। যার বাস্তবায়নের কাজ চলিতেছে।

কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় রবি/২০২১-২২ মৌসুমে সরিষা ০৭ টি, ও খেসারী ০১ টি সর্বমোট=০৮ টি প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রদর্শনী স্থাপনের কাজ চলিতেছে।

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় গম ১০০ জন প্রত্যেকে ২০ কেজি বীজ, ডিএপি সার ১০ কেজি, এমওপি সার ১০ কেজি, সরিষা ৫০০ জন প্রত্যেকে ০১ বীজ ডিএপি সার ১০ কেজি, এমওপি সার ১০ কেজি, ছুট্টা ১০০ জন প্রত্যেকে ০২ কেজি বীজ, ডিএপি সার ২০ কেজি, এমওপি সার ১০ কেজি, ও খেসারী ২০জন, প্রত্যেকে ০৮ কেজি বীজ, ডিএপি সার ১০ কেজি, এমওপি সার ০৫ কেজি হারে সর্বমোট=৭২০ জনের বরাদ্দ পাওয়া গিয়েছে। যা বাস্তবায়নের কাজ চলিতেছে।

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলায় অধিকাংশ জমি লবনাক্ত হওয়ায় কৃষকগণ পতানুপতিকভাবে চাষাবাদ করে আসছেন। এ বিষয় উত্তরণের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এমতাবস্থায় উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে কৃষকদেরকে আরও গতিশীল ও বেগবান করার জন্য বিষয়ভিত্তিক কার্যকরী প্রশিক্ষণের প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলাতে বিদ্যমান উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোসাঃ মোসলেমা খাতুন (মিলি)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

আশাশুনি, সাতক্ষীরা।

স্মারক নং-১২.১৮.৮৭০৪.০০২.১৪.০১০.২০-৫৯৯

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা।
- ৩। অফিস কপি।

তারিখ- ০৯/১১/২০২১

(মোঃ রাজিবুল হাসান)

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার

আশাশুনি, সাতক্ষীরা।